এই তো ভালো লেগেছিল আলোর নাচন পাতায় পাতায় ।
শালের বনে খ্যাপা হাওয়া, এই তো আমার মনকে মাতায় ।
রাঙা মাটির রাস্তা বেয়ে   হাটের পথিক চলে ধেয়ে,
ছোটো মেয়ে ধুলায় বসে খেলার ডালি একলা সাজায়—
সামনে চেয়ে এই যা দেখি চোখে আমার বীণা বাজায় ॥

আমার এ যে বাঁশের বাঁশি, মাঠের সুরে আমার সাধন ।
আমার মনকে বেঁধেছে রে এই ধরণীর মাটির বাঁধন ।
নীল আকাশের আলোর ধারা   পান করেছে নতুন যারা
সেই ছেলেদের চোখের চাওয়া নিয়েছি মোর দু চোখ পূরে—
আমার বীণায় সুর বেঁধেছি ওদের কচি গলার সুরে ॥

দূরে যাবার খেয়াল হলে সবাই মোরে ঘিরে থামায়—
গাঁয়ের আকাশ সজনে ফুলের হাতছানিতে ডাকে আমায় ।
ফুরায় নি, ভাই, কাছের সুধা,   নাই যে রে তাই দূরের ক্ষুধা—
এই-যে এ-সব ছোটোখাটো পাই নি এদের কূলকিনারা ।
তুচ্ছ দিনের গানের পালা আজও আমার হয় নি সারা ॥

লাগল ভালো, মন ভোলালো, এই কথাটাই গেয়ে বেড়াই—
দিনে রাতে সময় কোথা, কাজের কথা তাই তো এড়াই ।
মজেছে মন, মজল আঁখি— মিথ্যে আমায় ডাকাডাকি—
ওদের আছে অনেক আশা, ওরা করুক অনেক জড়ো—
আমি কেবল গেয়ে বেড়াই, চাই নে হতে আরো বড়ো ॥

---

Parjaay: Bichitro, Taal: Kaharwa, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail